

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ১২.০৩.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## স্বাস্থ্যখাতে বাজেট বৃদ্ধির আস্থান মেয়র শাহাদাত হোসেনের

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন বলেছেন, "স্বাস্থ্যখাতে বরাদ্দকৃত বাজেট অত্যন্ত কম, যা দেশের দরিদ্র জনগোষ্ঠীর প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ব্যর্থ হচ্ছে।" বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন চট্টগ্রাম শাখার উদ্যোগে আয়োজিত দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। বুধবার চট্টগ্রাম ক্লাব অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ আয়োজনে আরও উপস্থিত ছিলেন প্রফেসর এম এ ফয়েজ, ডা. খুরশিদ জামিল চৌধুরী, ডা. জসিমউদ্দীন, ডা. তমিজউদ্দীন মানিক, প্রফেসর এহতেশামুল হক, এ টি এম রেজাউল করিম, ডা. আবু নাসেরসহ চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল ডা. তসলিম উদ্দিন ও ডা. সরোয়ার আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ ও বাংলাদেশ সোসাইটি অব মেডিসিন চট্টগ্রাম শাখার আহ্বায়ক প্রফেসর মো. জসিমউদ্দীন। তিনি উল্লেখ করেন যে ২০২৪-২৫ অর্থবছরে স্বাস্থ্য খাতে ৪১,৪০৭ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে, যা গত বছরের ৩৮,০৫১ কোটি টাকা থেকে কিছুটা বেশি হলেও মোট দেশজ উৎপাদনের মাত্র ২.৬৩ শতাংশ। অথচ বিশ্বব্যাপী গড় ১১% বরাদ্দ করা হয় স্বাস্থ্য খাতে, যা বাংলাদেশের তুলনায় অনেক বেশি। মেয়র আরও বলেন, "সরকারি হাসপাতালে ডাক্তার কম, রোগীর চাপ বেশি। অনেক ক্ষেত্রেই জনগণ সরকারি-বেসরকারি হাসপাতাল থেকে প্রত্যাশিত সেবা পায় না। বাজেটের সঠিক ব্যবহার না হওয়ায় চিকিৎসা ব্যবস্থার কাঠামোগত উন্নয়ন সম্ভব হচ্ছে না।" তিনি স্বাস্থ্যখাতে বরাদ্দ বৃদ্ধির পাশাপাশি বাজেটের সঠিক বাস্তবায়নের প্রয়োজনীয়তার ওপর জোর দেন। বিশেষজ্ঞদের মতামত তুলে ধরে তিনি বলেন, বাজেট বাড়লেও খরচের সক্ষমতা না থাকায় অর্থ ব্যয় করতে না পারা, দুর্নীতি এবং অদক্ষ ব্যবস্থাপনার কারণে স্বাস্থ্য খাত কাঙ্ক্ষিত উন্নয়ন অর্জন করতে পারছে না। অর্থনৈতিক সমৃদ্ধি ও স্বাস্থ্য খাতের নিবিড় সম্পর্কের কথা উল্লেখ করে মেয়র বলেন, "দেশের অর্থনৈতিক উন্নতি নির্ভর করে কর্মক্ষম জনগোষ্ঠীর ওপর, যা তাদের সুস্বাস্থ্যের সঙ্গে সরাসরি সম্পর্কিত। স্বাস্থ্য খাতে প্রয়োজনীয় বিনিয়োগ না করলে জনগণের উৎপাদনশীলতা কমে যাবে, যা অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলবে।" তিনি স্বাস্থ্য খাতের বাজেট আরও বাড়িয়ে চিকিৎসকদের সমস্যা সমাধানের আস্থান জানান এবং সরকারি স্বাস্থ্যসেবা ব্যবস্থার সক্ষমতা বাড়ানোর ওপর গুরুত্ব দেন।



## এনায়েতবাজারে ২ হাজার পরিবারের মাঝে ইফতার বিতরণ করলেন মেয়র

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এর নির্দেশনায় আলহাজ্ব মোঃ আবদুল মালেক ফাউন্ডেশনের উদ্যোগে ২২ নং এনায়েত বাজার ওয়ার্ডের সুবিধাবঞ্চিত অসহায় গরীব ও দুস্থ ২ হাজার পরিবারের মাঝে সেহেরি ও ইফতার বিতরণ করা হয়। বুধবার উক্ত সেহেরি ও ইফতার বিতরণ অনুষ্ঠানে ২২ নং এনায়েত বাজার ওয়ার্ডের সাবেক কাউন্সিলর আলহাজ্ব মোঃ আবদুল মালেক এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডাঃ শাহাদাত হোসেন। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আবুল হাশেম বক্কর, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক ইয়াছিন চৌধুরী লিটন, আহ্বায়ক কমিটির সদস্য মোঃ কামরুল ইসলাম। আব্দুল্লাহ আল হাসান সোনামানিক এর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন, মোঃ জহির আহমেদ, সালাউদ্দিন লাভু, মোঃ আলমগীর, মাহাবুব আলম রানা, এনামুল হক রাজু, মোঃ সেন্টু, আব্দুল্লাহ আল মামুন, মোঃ সোহেল উদ্দিন, আব্দুল্লাহ আল ফরহাদ জ্যাকি, আবু সুলতান সানি সহ প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মেয়র ডাঃ শাহাদাত হোসেন বলেন, "রমজান আত্মসংযম ও ইবাদতের মাস। এ মাসে সবার উচিত সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানো। দুঃস্থ ও অসহায় মানুষদের সহযোগিতা করা আমাদের নৈতিক দায়িত্ব। আপনাদের এই উদ্যোগ সত্যিই প্রশংসনীয়। এমন মানবিক কার্যক্রম সমাজে ইতিবাচক পরিবর্তন আনে এবং অসহায় মানুষদের মুখে হাসি ফোটায়।" তিনি আরও বলেন, "একটি সমৃদ্ধ ও মানবিক সমাজ গঠনের জন্য দরিদ্র ও অসহায় মানুষের প্রতি সহানুভূতিশীল হওয়া প্রয়োজন। বিত্তবান ও স্বচ্ছল ব্যক্তিদের এগিয়ে আসতে হবে, যাতে কেউ অভুক্ত না থাকে। চট্টগ্রাম সিটি কর্পোরেশন সবসময় মানুষের কল্যাণে কাজ করে যাবে এবং এমন জনকল্যাণমূলক উদ্যোগকে সবসময় উৎসাহিত করবে।"



মূল্য তালিকা না রাখা ও অতিরিক্ত মূল্যে তেল বিক্রি করায়  
১৩ দোকানদারকে ১৪ হাজার ৫ শত টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্বাধিকা এর নেতৃত্বে আজ নগরীর ফকিরহাটে অভিযান পরিচালনা করা হয়। অভিযানে বিভিন্ন মুদি দোকান, তেলের দোকান, দৈনন্দিন কাঁচা বাজারের দোকানে মূল্য তালিকা না রাখা ও অতিরিক্ত মূল্যে তেল বিক্রি করার অভিযোগে ১৩ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪ হাজার ৫ শত টাকা জরিমানা আদায় করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮